Department of Education
Carmen Fariña, Chancellor

অগাস্ট ২০১৩

২০১৩ স্টেট কমন কোর পরীক্ষা সম্পর্কে পিতামাতাদের জন্য এফএকিউ

i. ভূমিকা
ii. ২১০৩ স্টেট কমন কোর পরীক্ষা ও ফলাফল
iii. ২০১৩-১৪ সালে অভিঘাত ও উন্নয়ন
iv. কীভাবে আরও জানতে হবে

---

i. ভূমিকা

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোর শিক্ষার্থীদেরকে ভাবী সুযোগসুবিধার জন্য তৈরি করার কাজের অংশ হিশেবে শিক্ষার্থীরা নতুন কমন কোর স্ট্যান্ডার্ড দ্বারা ক্রমবর্ধমান হারে চ্যালেঞ্জড হচ্ছে। কলেজ ও পেশার জন্য প্রস্তুত হয়ে হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট করার জন্য শিক্ষার্থীদের কী জানা থাকা এবং কী করতে পারা তার বর্ণনা দেয় এই শিখন মান।

কমন কোরের অংশ হিশেবে শিক্ষার্থীরা অনেক বেশি কঠিন ভাষায় লেখা বই পড়ছে এবং লেখঅয় বেশি সময় ব্যয় করছে। শিক্ষার্থীরা যখন তাদের মতামত অন্যদের সঙ্গে আদানপ্রদান করে, শিক্ষকরা তাদেরকে বলেন তাদের বক্তব্যের পক্ষে সাবুদ দিতে। অঙ্কের ক্লাসে, শিক্ষার্থীরা ভবিষ্যতের কোর্স এবং চাকরিতে ব্যবহার করতে পারবে এমন প্রাসঙ্গিক দক্ষতা আয়ত্ত করছে। শিক্ষার্থীরা তাদের শিক্ষায় অগ্রসর হওয়া এবং অনেক বেশি স্বাবলম্বী হয়ে ওঠার সঙ্গে সঙ্গে তাদের সাফল্যের জন্য এসব দক্ষতা গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

২০১৩ বসন্তে প্রথমবারের মত ৩য়-থেকে-৮ম-গ্রেডের স্টেটের পরীক্ষায় এসব দক্ষতা মূল্যায়ন করা শুরু হয়েছে। আমরা প্রত্যাশা করেছিলাম এই পরীক্ষাগুলো দেখাবে শিক্ষার্থীরা কলেজ ও পেশা প্রস্তুতিসহ হাই স্কুল গ্র্যাজুয়েট করার পথে কোন জায়গায় রয়েছে। এই তথ্য ভবিষ্যতের জন্য শিক্ষার্থীদের বিকল্পগুলো বৃদ্ধি করায় স্কুলগুলোকে সাহায্য করার জন্য ব্যবহার করা যেতে পারে - শিক্ষার্থী, শিক্ষক, বা স্কুলকে শাস্তি দেয়ার জন্য নয়। সময় ও সহায়তা পেয়ে শিক্ষার্থীরা এই উঁচু লক্ষ্য অর্জন করতে পারবে।

ii. ২০১৩ স্টেট কমন কোর পরীক্ষা ও ফলাফল

1. ২০১৩ স্টেট পরীক্ষা বিগত বছরগুলোর পরীক্ষঅ থেকে কীভাবে আলাদা?

২০১৩ স্টেট কমন কোর পরীক্ষাগুলো কলেজ ও ভাল চাকরির জন্য শিক্ষার্থীদের যেসব দক্ষতা প্রয়োজন সেগুলোর ওপর বেশি নজর দেয় যা বিগত বছরগুলোর পরীক্ষার ধরন থেকে আলাদ। বিগত বছরগুলোর পরীক্ষায় সাধারণ রিডিং প্যাসেজ অন্তর্ভুক্ত করা হত যা ছিল গ্রেড স্তরের নিচে, কিন্তু এবছরের পরীক্ষার টেক্সটগুলো গ্রেড স্তরের এবং অনেক কঠিন ভাষায় লেখা। পরীক্ষায় ভাল করার জন্য শিক্ষার্থীদের বুঝতে হবে তারা কী পড়ছে, শুধু কোন একটি শব্দ বা শব্দবন্ধ নির্বাচন করলেই হবে না। অঙ্ক পরীক্ষায় শিক্ষার্থীদের অনেক বেশি কঠিন সমস্যা সমাধান করতে হবে যাতে একাধিক ধাপ অন্তর্ভুক্ত এবং শুধু সাধারণ হিসাবের মধ্য দিয়ে জবাব দেয়া সম্ভব হবে না।

কলেজ ও পেশাগত কাজের জায়গায় সাফল্যের জন্য এসব দক্ষতা প্রয়োজন হবে। শিক্ষার্থীরা ক্লাসে ক্রমশ আগের চেয়ে বেশি করে এসব দক্ষতা শিখছে, এবং শিক্ষকেরা সময়ে এসব উঁচু লক্ষ্যের সঙ্গে খাপ খাইয়ে নেবেন।

2. আমার সন্তান যদি স্তর ১, ২, ৩, বা ৪ পায় এর অর্থ কী?

এবছর, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট স্টেট পরীক্ষা ভাল করা বলতে কী বোঝায় তা পরিবর্তন করেছে:

- স্তর 1: শিক্ষার্থীরা তাদের গ্রেড মানের নিরিখে দক্ষতার অনেক নিচে রয়েছে। তারা সীমিত জ্ঞান, দক্ষতা ও অনুশীলনের পরিচয় দেয় যা কমন কোর স্ট্যান্ডার্ডে বর্ণিত হয়েছে।
- স্তর 2: শিক্ষার্থীরা তাদের গ্রেড মানের নিরিখে দক্ষতার নিচে রয়েছে। তারা আংশিক জ্ঞান, দক্ষতা ও অনুশীলনের পরিচয় দেয় যা কমন কোর স্ট্যান্ডার্ডে বর্ণিত হয়েছে।

T&I-19792 (Bengali)

- স্তর 3: শিক্ষার্থীরা তাদের গ্রেড মানের নিরিখে দক্ষতা অর্জন করেছে। তারা যথেষ্ট জ্ঞান, দক্ষতা ও অনুশীলনের পরিচয় দেয় যা কমন কোর স্ট্যান্ডার্ডে বর্ণিত হয়েছে।
- স্তর 4: শিক্ষার্থীরা তাদের গ্রেড মানের নিরিখে উৎকর্ষ অর্জন করেছে। তারা প্রয়োচনের চেয়ে বেশি জ্ঞান, দক্ষতা ও অনুশীলনের পরিচয় দেয় যা কমন কোর স্ট্যান্ডার্ডে বর্ণিত হয়েছে।

আপনার সন্তান এবং সন্তানের শিক্ষকের সঙ্গে এবছরের ফলাফল আলোচনা করার সময়ে মনে রাকবেন যে স্টেট পরীক্ষার স্কোর শিক্ষার্থীর কর্মসম্পাদনার একটি মাপমাত্র, এবং এবছরের পরীক্ষাগুলো শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপ করেনি। শিক্ষার্থী ক্লাসের কাজে কতটা ভাল করছে, সহপাঠী ও শিক্ষকদের সঙ্গে আদানপ্রদানে কতটা স্বচ্ছন্দ, এবং বাধাগুলো কত ভালভাবে অতিক্রম করতে পারছে এগুলোও স্কুলে তার সার্বিক সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ বিষয়।

3. আমার সন্তানের পরীক্ষার নম্বর বিগত বছরগুলোর তুলনায় অনেক বেশি কম। এসব নম্বর আমার সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতির ক্ষেত্রে কী অর্থ বহন করে?

এবছর কম নম্বরের অর্থ এই নয় যে আপনার সন্তান পিছিয়ে পড়েছে। এবছরের পরীক্ষাগুলো বিগত বছরগুলোর পরীক্ষার তুলনায় কঠিন ছিল, তাই প্রাপ্ত নম্বর একই অর্থ বহন করে না। উপরন্তু, এসব পরীক্ষা নতুন, যার অর্থ এগুলো অগ্রগতি পরিমাপ করে না। যে-ক্ষেত্রে নগর দেয়া গুরুত্বপূর্ণ তা হচ্ছে আপনার সন্তান কলেজ ও পেশা প্রস্তুতির জন্য আবশ্যক দক্ষতা ও আচরণ প্রদর্শন করছে কিনা। কম স্কোরের অর্থ অধিকতর মনোযোগ দিয়ে উন্নতি করার মত এলাকা রয়েছে। আপনার স্কুল ওইসব ক্ষেত্রে আপনার সন্তানকে অনুশীলন করিয়ে যাচ্ছে।

আপনার স্কুল কমন কোর স্ট্যান্ডার্ডের উচ্চ চাহিদা পূরণের ব্যাপারে কীভাবে শিক্ষার্থী ও শিক্ষকদের সাহায্য করছে জানার জন্য অনুগ্রহ করে আপনার সন্তানের প্রিন্সিপ্যাল এবং শিক্ষকদের সঙ্গে আলাপ করুন।

4. এসব ফল কীভাবে সামার স্কুল ও প্রোমোশনের সিদ্ধান্তে প্রভাব ফেলে? আমার সন্তানকে যদি জুনে উত্তীর্ণ করা হয়ে থাকে কিন্তু এখন স্তর ১ নম্বর পায়, তাহলে কি তার প্রোমোশন সংশয় আছে?

স্টেটের পরীক্ষায় সর্বনিম্ন ১০ শতাংশ র (মোট) স্কোর লাভকারী শিক্ষার্থীদের জুনে সুপারিশ করা হয় একই ক্লাসে রেখে দেয়া এবং সামার স্কুল করার জন্য। জুনে প্রোমোশন পাওয়া শিক্ষার্থীরা উত্তীর্ণ থাকবে, এমনকি স্টেটের পরীক্ষায় তারা স্তর ১ স্কোর করলেও। সার্বিকভাবে, বিগত বছরগুলোয় যত শতাংশ শিক্ষার্থী সামার স্কুল করেছিল এবার সেরকমই করছে। দ্রষ্টব্য : কিছু প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীর প্রোমোশনের মাপকাঠি প্রমিত পরীক্ষার স্কোর ভিত্তিক নয়।

ডিপার্টমেন্ট অভ এডুকেশন পিছিয়ে পড়া শিক্ষার্থীদেরকে কলেজ ও পেশার জন্য তৈরি হয়ে হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট করার লক্ষ্যে সহায়তা করার জন্য সহায়তার ব্যবস্থা রেখেছে। এসব সহায়তার বিবরণ জানতে #৫ প্রশ্ন দেখুন।

III. ২০১৩-১৪ সালে অভিঘাত ও উন্নয়ন

5. কলেজ ও পেশার জন্য তৈরি হয়ে আরও বেশি শিক্ষার্থীদের হাই স্কুল গ্র্যাজুয়েশনের ব্যাপারে স্কুল ও ডিপার্টমেন্ট অভ এডুকেশন (ডিওই) কী করছে?

পূর্ণাঙ্গরূপে একটি নতুন কমন কোর স্ট্যান্ডার্ড প্রতিষ্ঠায় স্কুলগুলো বহু-বছর ভিত্তিক কৌশল অনুসরণ করছে। ২০০৫ থেকে ২০১২, স্কুলগুলো কলেজ ও পেশা প্রস্তুতিসহ হাই স্কুল গ্র্যাজুয়েটের হার দ্বিগুণ করেছে। আমাদের লক্ষ্য আগামী পাঁচ বছরে এই হার আবারও দ্বিগুণ করা।

আমরা এই লক্ষ্য অর্জন করতে পারি শিক্ষক ও শিক্ষার্থীদের সহায়তা করে, বিশেষ করে যেসব শিক্ষার্থী সবচেয়ে পিছিয়ে আছে:

- স্কুলগুলো আফটার স্কুল এবং শনিবারের স্মল গ্রুপ টিউটরিং সহায়তায় গত বছরের তুলনায় দ্বিগুণ অর্থ - বর্তমানে ১০ মিলিয়ন - লাভ করবে।
- শত শত স্কুল শিক্ষার্থীদেরকে তাদের পাঠ বোধ উন্নতিতে সহায়তা করে এমন অধিক সংখ্যক উঁচু স্তরের শব্দযুক্ত বই পাবে। অঙ্কের জন্য, শত শত স্কুল নতুন সহায়সঙ্গতি লাভ করবে যা অপেক্ষাকৃত কম বিষয়ের উপর আরও গভীরভাবে অভিনিবেশ দেবে - ঠিক যেমনটি করা হয়ে থাকে দুনিয়ার অন্যান্য উচ্চ কর্মসম্পাদনাকারী দেশগুলোয়।

- ক্লাসরুমে এসব পরিবর্তনে সহায়তা করার জন্য, এই গ্রীষ্মে ১৫ হাজারের অধিক শিক্ষক পেশাগত উন্নয়ন লাভ করেছেন।
- গত বছর, সব শিক্ষার্থীকে আরও বেশি করে শেখায় সহায়তা করতে পারে এমন কৌশল জানতে ২ হাজার ৭ শয়েরও বেশি শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন।
- এবছর, ডিওই শিক্ষক উন্নয়নে বরাদ্দ দ্বিগুণেরও বেশি – ১০০ মিলিয়নেরও বেশি – করছে যাতে ক্লাসরুমে শিখন বৃদ্ধি অব্যাহ থাকে।

ডিওই প্রত্যয়ী যে পর্যায়ক্রমে মানে উত্তরিত হওয়ার মাধ্যমে শিক্ষার্থীদের ফল সময়ের সঙ্গে উন্নত হবে।

6. এবছরের স্টেট পরীক্ষার ফলাফল বাছাইকৃত মিডল স্কুল ও হাই স্কুল ভর্তির ক্ষেত্রে কী প্রভাব ফেলে?

যেসব স্কুল তাদের বাছাই শর্তের অংশ হিশেবে টেস্ট স্কোর বিবেচনা করে তারা ২০১৪ সেপ্টেম্বরে ভর্তির জন্য কোন ধরনের শিক্ষার্থী আবেদন করেছে তার ভিত্তিতে তাদের শর্ত শিথিল করতে পারে যদি আবেদনকারী বেশিরভাগ শিক্ষার্থী স্টেটের পরীক্ষায় পরিবর্তনের কারণে কম নম্বর পেয়ে থাকে তাহলে যেসব স্কুলে বাছাই করে শিক্ষার্থী ভর্তি করা হয় সেগুলোয় ভর্তিকৃত শিক্ষার্থীদের মোট স্কোর বিগত বছরগুলোর তুলনায় কম হবে। সার্বিকভাবে, পরীক্ষায় নম্বর পরিবর্তন বাছাইকৃত স্কুলগুলোয় শিক্ষার্থী ভর্তির সংখ্যায় হেরফের ঘটাবে না।

7. শিক্ষক এবং স্কুলগুলোর কাছে এসব স্কোরের অর্থ কী?

স্টেটের নতুন পরীক্ষাগুলোর ফল শিক্ষক ও স্কুলগুলোকে কোন শিক্ষার্থীদের কোন বিষয়গুলোয় বাড়তি সহায়তা দরকার সে ব্যাপারে সহায়ক তথ্য জোগায়। এসব পরীক্ষার নিরিখে শিক্ষঅর্থীদের মূল্যায়ন করা হবে না। ২০১৩-১৪ সালে স্টেটের পরীক্ষায় শিক্ষার্থীদের কর্মসম্পাদনা শিক্ষক রেটিংয়ের বিবিধ মাপকাঠির অন্যতম বিবেচিত হবে। অগ্রগতির ভিত্তিতে শিক্ষার্থীদের কর্মসম্পাদনা বিচার করা হবে, এবং এই বছরের স্কোর ন্যূনতম ভিত্তি প্রতিষ্ঠা করে।

এ বছরের টেস্ট-এর ফল স্কুলগুলোকে নিউ ইয়র্ক সিটি প্রগ্রেস রিপোর্টে এর প্রভাব সম্পর্কে অবহিত করবে। এলিমেন্টারি ও মিডল স্কুলগুলোর প্রাপ্ত গ্রেড, নিচু গ্রেডসহ, আগের মতই বজায় থাকবে। নিচু গ্রেড লাভকারী স্কুলের হার বাড়বে না। প্রতিটি স্কুলের কর্মসম্পাদনা সম ধরনের শিক্ষার্থী পরিষেবিত স্কুলগুলোর সঙ্গে তুলনামূলক বিচার করার ক্ষেত্রে পরীক্ষায় এসব পরিবর্তন প্রগ্রেস রিপোর্টে বিবেচিত হবে।

IV. কীভাবে আরও জানতে হবে

8. আমি কীভাবে স্টেটের পরীক্ষায় আমার সন্তানের কর্মসম্পাদনা সম্পর্কে আরও জানতে পারি?

অগাস্ট থেকে পিতামাতারা আরিস প্যারেন্ট লিংকের (arisparentlink.org) মাধ্যমে তাদের সন্তানের পরীক্ষার ফল জানতে পারবেন। যেসব পিতামাতা পাসওয়ার্ড হারিয়ে ফেলেছেন তারা arisparentlink.org এ সাহায্য পেতে পারেন। যারা আগে কখনও আরিস প্যারেন্ট লিংকে লগ অন করেননি তারা স্কুলে যোগাযোগ করতে পারেন।

এছাড়া, ২৬-৩০ অগাস্টে লগ অন করুন ও শিখুন অধিবেশনে সব পিতামাতাই আমন্ত্রিত যা প্রত্যেক বরোর কোন লাইব্রেরিতে এবং ম্যানহাটনে 49-51 Chambers Street ঠিকানায় ডিওই অফিসে অনুষ্ঠিত হবে। পিতামাতারা কমন কোর এবং স্টেটের নতুন পরীক্ষা সম্পর্কিত সহায়সঙ্গতি লাভ করতে, সন্তানদের ফল দেখতে ও বুঝতে, এবং এই ক্রান্তির সময়ে শিক্ষার্থী ও শিক্ষকদের কীভাবে সহায়তা করা হচ্ছে সে ব্যাপারে আলোচনা করতে পারবেন। আরও তথ্যের জন্য দেখুন schools.nyc.gov।

২০১৩-১৪ স্কুলবছরের শুরুতে, কমন কোর স্ট্যান্ডার্ড এবং স্টেটের পরিবর্তমান পরীক্ষাগুলোর তথ্য তাদের স্কুল কম্যুনিটিকে অবহিত করার জন্য প্রিন্সিপ্যালদের উৎসাহিত করা হবে।

পিতামাতারা পরীক্ষায় তাদের সন্তানের কিছু জবাব পর্যালোচনা করার সুযোগ পাবেন। পিতামাতারা পর্যালোচনার অনুরোধ তাদের সন্তানের স্কুলের মাধ্যমে জানাতে পারেন। পর্যালোচনা করতে হবে একজন স্কুল কর্মকর্তার উপস্থিতিতে। পরীক্ষার প্রশ্ন ফোটোকপি করা চলবে না।